


মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা” বিষয়ক তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর /সংস্থার নাম	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র নাম	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র সংরক্ষিত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র কার্যক্রম শুরুর সময়/তারিখ
০১।	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন	Subscription of Refinitive	<p>অত্যাবশ্যিকীয় পণ্য বিপণন পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১ মোতাবেক বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনে একটি অত্যাবশ্যিকীয় পণ্য বিপণন মনিটরিং সেল গঠন করা হয় যা বাণিজ্য মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করে। এই আদেশের ২১ ধারা মোতাবেক মনিটরিং সেলের কার্যক্রমের মধ্য একটি উল্লেখযোগ্য কাজ হচ্ছে অত্যাবশ্যিকীয় পণ্যের আন্তর্জাতিক বাজার মূল্য সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সরকারের নিকট উপস্থাপন করা।</p> <p>থমসন রয়টার্স এইকন (Thomson Reuters Eikon) নামক একটি সফটওয়্যার এর মাধ্যমে উক্ত সমস্যার সমাধান করা হয়েছে। থমসন রয়টার্স এইকন হলো এমন একটি সফটওয়্যার যা পৃথিবীর প্রায় সকল কন্মোডিটি এক্সচেঞ্জ মার্কেট হতে সঠিক এবং রিয়েল টাইম ডাটা সংগ্রহ করেন তা গ্রাহকদের বিতরণ করে থাকে।</p> <p>বাজার মূল্যের স্থিতিশীলতা বতর্মান সরকারকে একটি উল্লেখযোগ্য সাফল্য। এর ফলে সরকার অত্যাবশ্যিকীয় পণ্যের বাজার মূল্য জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে সক্ষম হয়েছে। আন্তর্জাতিক বাজার মূল্য পর্যবেক্ষণ করে সরকার অতি দ্রুত কৌশলগত সিদ্ধান্ত নিতে সক্ষম হচ্ছে। এছাড়া অত্যাবশ্যিকীয় পণ্যের আমদানিকারকগণ কি মূল্যে আন্তর্জাতিক বাজার থেকে পণ্য ক্রয় করেছে তা সরকার যাচাই করতে পারে। এতে করে অসৎ ব্যবসায়ীরা আন্ডার ইনভয়েসিং ও ওভার ইনভয়েসিং এর মাধ্যমে মানিলভারিং এর যে অপপ্রয়াস চালিয়েছে তা অনেকাংশে বোধ করা সম্ভব হয়েছে। যা একদিন রাষ্ট্রের সকল নাগরিক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহনীয় বাজারমূল্যের এই সুবিধা ভোগ করেছে।</p>	জুন ২০১১

০২।	Price Tracker	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের মনিটরিং সিস্টেমের দাপ্তরিক কাজের ব্যবস্থার জন্য "Essential Commodity Price Monitoring System" (Price Tracker) সফটওয়্যার পণ্যন করা হয়েছে যা মাধ্যমে আন্তর্জাতিক বাজারমূল্য ও দেশীয় বাজারমূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। তাছাড়া উক্ত সফটওয়্যার এর মাধ্যমে অত্যাবশ্যকীয় পণ্যের এলসি সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ করা হয়।	এপ্রিল ২০২১
০৩।	Trade Shift	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আন্তর্জাতিক, দ্বি-পাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য চুক্তি সম্পর্কে আলোচনা এবং বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় সহায়তা দিয়ে থাকে। বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও), র শর্তাবলীর আলোকে কমিশন স্থানীয় শিল্প রক্ষা, উন্নয়ন এবং সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন করে আসছে। এছাড়া বহির্বিধে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত প্রবেশধিকার ও অবাধে সেবা খাতে বাণিজ্য সম্ভাবনা বৃদ্ধির লক্ষ্যে কর্মপন্থা প্রণয়নে কমিশন সরকারকে সহায়তা প্রদান করে থাকে। এ সংক্রান্ত কাজের পরিসরে ডাটা নিয়ে কাজ করতে হয়। গবেষণার কাজে ডাটা প্যাটর্ন কে বাস্তবতার কাছাকাছি আছে কিনা তা পরীক্ষা করার জন্য মডেলিং সফটওয়্যারের গুরুত্ব অপরিহার্য।	১০ এপ্রিল ২০২১
০৪।	কান্ট্রি প্রোফাইল তৈরি ও ওয়ার্ড ট্রেড ডিরেক্টরিতে প্রকাশ।	কান্ট্রি প্রোফাইল এর তথ্য পেয়ে বাণিজ্য বিশেষজ্ঞগণ, ব্যবসায়ী, আমদানি ও রপ্তানিকারকগণ যাতে সহজে ব্যবসায়িক ও নীতিগত সিদ্ধান্ত নিতে পারে এই উদ্দেশ্যে নিজস্ব উদ্যোগে কাজটি হাতে নেয়া হয়। কাজটি জটিল, সময়সাপেক্ষ হওয়ার কাজটি করতে অনাগ্রহের প্রবণতা লক্ষ্য করা যায়। কাজটি সম্পন্ন করতে পদ্ধতিগত জটিলতা থাকায় সঠিকভাবে কাজ করার জন্য প্রযুক্তিগত বাধা, উদ্যোগ না নেয়ার মানসিকতা ও কাজটি নিজের মনে না করা। বিভিন্ন ধাপে পুনরাবৃত্তি (ডুপ্লিকেসি) হওয়ার কাজটি করতে বিলম্ব হয়। বিভিন্ন উৎস হতে ডাটা সংগ্রহপূর্বক তা প্রসেস করে কান্ট্রি প্রোফাইলের উপযোগী করে তোলা যথেষ্ট কঠিন।	২০ সেপ্টেম্বর ২০১২


 ২৩/৯/২০২১
 (এইচ.এম., শরিকুল ইসলাম)
 পরিচালক নিয়ন্ত্রণ এন্ড পরিচালক প্রতিষ্ঠান
 বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
 সেকেন্ডারিটা, ঢাকা।